সাবেক সিইসি কাজী হাবিবুল আউয়াল তিন দিনের রিমান্ডে



সংগৃহীত ছবি

সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালকে তিন দিনের রিমান্ডে পাঠিয়েছে আদালত। ২৫ জুন (বুধবার) সকালে রাজধানীর মগবাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরদিন ২৬ জুন ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে তদন্তের স্বার্থে ১০ দিনের রিমান্ড আবেদন করা হলে আদালত তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন।

শেরেবাংলা নগর থানায় দায়ের করা মামলার অভিযোগে বলা হয়, কাজী হাবিবুল আউয়াল তাঁর মেয়াদে 'প্রহসনের নির্বাচন' পরিচালনা করে জনগণের ভোটাধিকার হরণ করেছেন। মামলায় রাষ্ট্রদ্রোহ, প্রতারণা, ও আর্থিক দুর্নীতির ধারাসহ আরও কয়েকটি গুরুতর অভিযোগ যুক্ত করা হয়েছে। এই মামলার বাদী বিএনপি'র নির্বাহী কমিটির সদস্য সালাহ উদ্দিন খান। তিনি ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের জাতীয় নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে ২২ জুন মামলাটি দায়ের করেন।

উল্লেখযোগ্য যে, একই মামলায় সাবেক সিইসি কে এম নূরুল হুদাকেও গত ২২ জুন গ্রেফতার করা হয় এবং তিনি বর্তমানে চার দিনের রিমান্ডে রয়েছেন। মামলায় মোট ২৪ জনের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, যাদের মধ্যে আরও দু'জন সাবেক নির্বাচন কমিশনারও রয়েছেন।

LENS ASIA